ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সিড়ি, লবি ও লিফটসহ ১৫৪৫ বর্গফুট, ১৩৩৮ বর্গফুট আয়তনের ১৫৬০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের অবশিষ্ট ৪৮২টি (কম-বেশী) অবরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দের (স্বপ্ননগর আবাসিক প্রকল্প ২য় পর্যায়)

প্রসপেক্টাস ও আবেদনপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.nha.gov.bd

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সিড়ি, লবি ও লিফটসহ ১৫৪৫ বর্গফুট, ১৩৩৮ বর্গফুট আয়তনের ১৫৬০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের অবশিষ্ট ৪৫০টি (কম-বেশী) অবরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দের (স্বপ্ননগর আবাসিক প্রকল্প ২য় পর্যায়)

প্রসপেক্টাস

১.০ ঃ আবেদনকারীগণের যোগ্যতা

১.১ আগ্রহী বাংলাদেশী নাগারকি/ব্যক্তিগণকে ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে।

১.২ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (**NRB**) ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে **FC A/C No- 01100682** হিসাবে **SWIFT CODE: BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motijheel, Dhaka Bangladesh** এর মাধ্যমে ২০ (বিশ) মার্কিন ডলার জমা প্রদান স্বাপেক্ষে সংগ্রহ করিতে পারিবেন। অথবা আবেদনকারী যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পাইতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল ও ফ্যাক্স যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করিলে **(National Housing Authority, 82 Segunbagicha, Dhaka-1000, Bangladesh. Phone: +88-02-9562762, Fax: +88-02-9562618, e-mail : Chairman@nha. Gov.bd)** সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হইবে। তবে এইক্ষেত্রে ডাক মাশুলের খরচ আবেদনকারীকে বহন করিতে হইবে।

১.৩ যদি কেহ নিজ নামে, স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্য বা বেনামে ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিন ও উত্তর উভয়) আওতাধীন এলাকার মধ্যে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকেন তবে তিনি এই প্রকল্পে ফ্ল্যাট বরাদ্দের জন্য দরখাস্ত করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উত্তরূপ প্রমানিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

১.৪ প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর সম্মুখে নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন্ জুডিসিয়াল ষ্ট্যাম্পে ২০/০৫/২০১৮ খ্রিঃ তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা /বাংলাদেশের দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১.৫ আবেদনকারীর বয়স ২১/০৫/২০১৮ ইং তারিখে ন্যূনতম ২৫ বছর হইবে হইবে।

২.০ প্রসপেক্টাস ও আবেদন রম ক্রয় ও দাখিল

২.১ নিম্নলিখিত দপ্তর সমূহে অফিস চলাকালীন সময়ে ১০০০/- (এক হাজার) টাকা নগদ গ্রহণ সাপেক্ষে পত্রিকায় প্রকাশিত তারিখ হইতে ফ্ল্যাটের প্রসপেক্টাস বিক্রয় ও আবেদন গ্রহণ করা হইবে।
(১) ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
(২) ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
(৩) ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
(৪) মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
(৫) চট্রগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্রগ্রাম।
(৬) সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।
(৭) রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
(৮) খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
(৯) দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর।

২.২ আগ্রহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সহিত সংযুক্ত নির্ধারিত ফরমে (সংযুক্ত আবেদন ফরম) আবেদন করিতে হইবে। আবেদনপত্রের ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পুর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের যে কোন ডিভিশন অফিসে জমা দিতে হইবে।

২.৩ আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলী ব্যাংক হইতে ১৫৪৫ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাঃ ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার), ১৩৩৮ বর্গফুট আয়তনের জন্য টাঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মাত্র ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকুলে জামানত হিসেবে জমা দিতে হইবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাইবেন তাঁহার জামানতের টাকা লটারী অনুষ্ঠিত হওয়ার অনধিক দুই মাসের মধ্যে সুদবিহীন ফেরত দেওয়া হইবে।

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমান টাকা পাউন্ড/আমেরিকান ডলারে চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর **FC A/C No- 01100682** হিসাবে **SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motitheel, Dhaka Bangladesh** এর মাধ্যমে প্রদান করিবেন। তাহাদের ক্ষেত্রে নোটারী পাবলিক/বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩. ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর

৩.১. ১৫৪৫ বর্গফুট (বম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৭২,৯৫,০০০/- (কম-বেশী), ১৩৩৮ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬২,৮৭,০০০/- (কম-বেশী) ধার্য্য করা হইয়াছে। ভবন নির্মাণকালে কোন কারণে নির্মাণ সামগ্রীর হ্রাস/বৃদ্ধি, সরকারকে প্রদেয় Income Tax/Vat, GI Structure, Tender মূল্য কাজের পরিমান/আইটেম ইত্যাদি) ফ্ল্যাটের মূল্য হ্রাস বৃদ্ধি পাইলে ফ্ল্যাটের হ্রাসকৃত/বর্ধিত মূল্য কিস্তির সহিত সমন্বয় করা হইবে এবং এই ক্ষেত্রে বরাদ্দ প্রাপকগণ সমন্বিত মূল পরিশোধে বাধ্য থাকিবেন, অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য করা হইবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট টাকা সুদে অনধিক তিন মাসের মধ্যে ফেরত প্রদান করা হইবে।

৩.২. বরাদ্দ প্রাপকের নিকট হতে ফ্ল্যাটের মূল্যের ৫০% পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হইবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষনাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকগনের উপর ন্যস্ত হইবে। দালান ভিত্তিক অথবা প্রকল্প ভিত্তিক সমিতি গঠনের মাধ্যমে বরাদ্দ প্রাপকগণ কমন সার্ভিস যেমন সাব-ষ্টেশন, লিফ্‌ট, জেনারেটর, পানির পাম্প, পয়ঃপ্রনালী ও নিষ্কাশন ইত্যাদির যাবতীয় রক্ষণাবেক্ষন ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এ জন্য যাবতীয় বিলসহ আনুষাঙ্গিক রক্ষণাবেক্ষনের ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হইবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহণ করিতে হইবে। গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত অর্থ (যা নির্মাণ ব্যয় বিবেচনা করে ধার্য্য করা হইবে) ৪(চার) কিস্তিতে পরিশোধ করিতে হইবে। উল্লেখ্য সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পার্কিং দেওয়া সম্ভব হইবে না। পার্কিং এর সংখ্যার তুলনায় আবেদনকারী বেশী হইলে লটারীর মাধ্যমে পার্কিং এরিয়া বরাদ্দ দেয়া হইবে।

৩.৩. প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষন করিবে।

৪.০ ঃ কিস্তি পরিশোধ সংক্রান্ত ঃ

৪.১ ফ্ল্যাটের জন্য নির্বাচিত ব্যক্তিকে মোট মূল্যের ৫০% অর্থ জরিমানা ব্যতীত নির্মাণ কালীন সময়ে নির্ধারিত ৪(চার) কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহণের পূর্বেই পরিশোধ করিতে হইবে। বার্ষিক কিস্তি পরিশোধে ব্যর্থতার ৯০ দিন পর্যন্ত ১৩% হারে, ৯০(নব্বই) দিন অতিক্রান্ত হলে খেলাপী টাকার উপর ৬(ছয়) মাস পর্যন্ত ১৬% হারে সুদসহ টাকা গ্রহণ করা যাবে। তবে ৬(ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবেনা তার ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারণ বিবেচনায় ১(এক) বছর পর্যন্ত১৮% এবং ৫(পাঁচ) বছর পর্যন্ত ২১% সরল সুদে আদায় করা হইবে। অবশিষ্ট ৫০% অর্থ এককালীন পরিশোধে আগ্রহীগণ কর্তপক্ষের পরিপত্র ৪.১৩ অনুযায়ী পরিশোধ করতে পারিবেন।

৪.২ ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর অবশিষ্ট ৫০% টাকা সর্ব্বোচ্চ ১৬ (ষোল) বৎসরের মাসিক কিস্তিতে ৯% সরল সুদসহ সুদ-আসলে পরিশোধ করিতে হইবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দগ্রহীতা ফ্ল্যাটের মাসিক কিস্তির অর্থ জমা দিতে ব্যর্থ হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর পূর্বানুমতি স্বাপেক্ষে ৬ মাসের মধ্যে অতিরিক্ত ১৩% হারে সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থের ২% হারে কর্তন করিয়া অবশিষ্ট অর্থ এককালীন, অনধিক তিন মাসের মধ্যে আবেদনকারী বা উত্তরাধিকারীকে ফেরত প্রদান করা হইবে।

৪.৩ ফ্ল্যাটের জন্য বিদেশে কর্মরত বরাদ্দ প্রাপককে ফ্ল্যাটের মূল্যের ৫০% অর্থ পাউন্ড স্টার্লিং/ **আমেরিকান ডলারে চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC AC No- 01100682 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motitheel, Dhaka Bangladesh** এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

৪.৪ বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করিতে পারিবেন।

৪.৫ ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর বিদেশে কর্মরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য ৫০% মূল্য এককালীন অথবা ৪(চার) বৎসরে বার্ষিক কিস্তিতে ৯% হারে সরল সুদে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য। বিস্তারিত পরিশোধ পদ্ধতি বরাদ্দপত্রের সহিত সরবরাহ করা হইবে। তবে ৪(চার) বছরের পূর্বে যদি কেহ বাংলাদেশে ফিরিয়া আসেন তাহা হইলে দেশে ফিরিবার পূর্বেই অবশিষ্ট সমুদয় অর্থ বৈদেশিক মুদ্রায় পরিশোধ করিতে হইবে।

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

৪.৬ যাহারা লটারীতে ফ্ল্যাট পাইবেন না তাহাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর অনধিক ১(এক) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা অফিস হইতে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

৪.৭ সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে পাইতে ইচ্ছুক তাহার একাউন্ট নাম্বার, ব্যাংকের নাম ও ঠিকানা আবেদন পত্রে উল্লেখ করিবেন। যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাইবেন না অথবা ফ্ল্যাট পাইলে পরবর্তীতে নিতে আগ্রহী হইবেন না তাহাদের জামানতের টাকা উক্ত একাউন্ট নম্বর ও ঠিকানায় আবেদন স্বাপেক্ষে প্রেরণ করা হইবে।

৪.৮ যে সকল আবেদনকারী ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা ফ্ল্যাটের মূল্যের প্রথম কিস্তির সহিত সমন্বয় করা হইবে।

৪.৯ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলার অথবা এস সি একাউন্স এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পাইলে তাহা গ্রহণে সম্মত থাকিতে হইবে।

৫.০ ঃ বরাদ্দ পত্র বাতিল করণ, উচ্ছেদকরণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ ঃ

৫.১ যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পাওয়া সত্ত্বেও ফ্ল্যাট নিতে ইচ্ছুক হইবেন না, তাহারা জামানতের টাকা ফেরত চাইয়া আবেদন করিলে প্রাপ্তির অনধিক ২(দুই) মাসের মধ্যে জমাকৃত জামানতের অর্থ সুদ বিহীন ফেরত দেওয়া হইবে।

৫.২ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিলে এবং প্রমানিত হইলে, বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

৫.৩ একান্নভুক্ত পরিবার হইলে মাত্র একটি আবেদন করা যাইবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক ফ্ল্যাট বরাদ্দ পাইলে এবং তাহা কোন সময়ে প্রমানিত হইলে, ফ্ল্যাট বরাদ্দ বাতিল করা হইবে এবং ফ্ল্যাটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

৫.৪ বাজেয়াপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাইবার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করিলে বরাদ্দপত্র বাতিল হিসেবে গণ্য হইবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হইবে।

৫.৫ ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব হস্তান্তর, কোন দায় সৃজন, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) ইত্যাদি প্রদান করিতে পারিবেন না। এই শর্তে ভঙ্গের কারনে বরাদ্দপত্র বাতিল করা হইবে।

৫.৬ বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী এক বছর সময়সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে। অবশিষ্ট কিস্তির সমূদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করিয়া নিয়মিতভাবে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁহার ওয়ারিশগণের উপরও বর্তাইবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হইলে বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত টাকা ৫% কর্তন করিয়া তিন মাসের মধ্যে অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হইবে।

৬.০ ঃ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী ঃ

৬.১ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হইবে।

৬.২ প্রকল্পে ১৫৪৫ বর্গফুট (সিড়ি, লবি ও লিফটসহ) আয়তনের ৩০০ টি (কম/বেশী) ফ্ল্যাট এবং ১৩৩৮ বর্গফুট (সিড়ি, লবি ও লিফটসহ) আয়তনের ১৮২ টি (কম/বেশী) ফ্ল্যাট নির্মিত হইবে।

৬.৩ প্রতিটি ভবনের নীচ তলা এবং বেইজমেন্ট কারপার্কিং এর জন্য ব্যবহৃত হইবে এবং পার্কিং স্পেস লটারীর ভিত্তিতে নির্ধারিত দরে বরাদ্দ করা হইবে।

৬.৪ প্রতিটি ভবনের অন্যান্য তলায় ফ্ল্যাটগুলো অনুচ্ছেদ ১১.০ এ বর্ণিত বিবরণ অনুযায়ী প্রণীত তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে পয়েন্ট এর ভিত্তিতে বা লটারীর মাধ্যমে নির্ধারণ করা হইলে এবং বরাদ্দ প্রাপক লটারীতে প্রাপ্ত ফ্ল্যাট গ্রহণে বাধ্য থাকিবেন।

৬.৫ প্রতিটি ভবনের জেনারেটর ও লিফট সংযোজনের (10 Passanger, 800 kg, 15 stop) ব্যবস্থা রাখা হইয়াছে। এছাড়া প্রতিটি ভবনে Stair Case এর ব্যবস্থা আছে।

৬.৬ ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখার দায়িত্ব বরাদ্দ গ্রহীতাগণ যৌথভাবে পালন করিবেন। তাঁহারা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে এক মাসের মধ্যে একটি সমিতি গঠন করিবেন। আবাসিক ভবনসমূহে আনুষাঙ্গিক এবং সাধারণ সুবিধাদি সমূহ ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হইবে।

৬.৭ ১৫৪৫ বগফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হইয়াছে তাহার ১/১০০ ভাগ জায়গা, ১৩৩৮ বগফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হইয়াছে তাহার ১/১০০ ভাগ জায়গা অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় আবেদনকারী মালিক হইবেন। যাহা (Lease Deed) উল্লেখ থাকিবে। যাহারা ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন তাঁহারা ৯৯ বছরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Leasee হইবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হইবেন না বা ভবিষ্যতে একক বা যৌথভাবে পার্শ্ববর্তী জমির

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

মালিকানা বা অধিকার দাবী করিতে পারিবেন না। জাতীয় গৃহায়ন কর্তপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুস অধিকার সর্বাস্থায় সংরক্ষন করিবেন।

৬.৮ বরাদ্দ প্রাপ্ত ফ্ল্যাটগুলির আবাসিক ব্যবহার ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবেন না।

৬.৯ ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে অবশ্যই বরাদ্দ প্রাপককে যথানিয়মে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

৬.১০ ইতোপূর্বে অবশিষ্ট আবেদনকারীগন মূল জমা রশিদ প্রদান করে নতুন আবেদনকারী হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে নতুন করে প্রসপেক্টাস ক্রয় করতে হবে। পূর্বে জমাকৃত জামানত যথাসময় সমন্বয় করা হবে।

৭.০ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবেঃ

৭.১ চাকুরীজীবি আবেদনকারীদের নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের নিকট হইতে আবেদনকারীর পরিচিতি (নাম,পদবী, জন্ম তারিখ) আবেদনের তারিখে মাসিক মূল বেতন, বেতন স্কেল উল্লেখ পূর্বক সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দুতাবাস কর্তৃক সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে। ক্রমিক নং-৯.১ এ উল্লেখিত পেশাজীবি গ্রুপ ব্যতীত আবেদনকারীগণ, যাহাদের বাৎসররিক আয় ২,৫০,০০০(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নিচে, তাহাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার /স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মেয়র, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

৭.২ যাহাদের বাৎসররিক আয় ২,৫০,০০০(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার উর্দ্ধে তাহাদেরকে TIN সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৭.৩ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৭.৪ মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান ও স্ত্রী উক্ত প্রকল্পের জন্য আবেদন করিতে পারিবেন।

৭.৫ অবসরপ্রাপ্ত চাকুরীজিবীকে অবসর গ্রহণের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৭.৬ প্রকল্প এলাকার জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ আবেদন করিতে পারিবেন, তবে তাহাদিগকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৭.৭ প্রকৌশলী, আইনজীবী, চিকিৎসক কোটার আবেদনকারীগণকে স্ব স্ব রেজিষ্টার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

৭.৮ সাংবাদিক কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সাংবাদিকতার সনদপত্র সত্যায়িত কপি অবশ্যই দাখিল করিতে হইবে।

৭.৯ আবেদনকারীর সঠিক বয়স প্রমানের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এসএসসি/সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। যাহারা এসএসসি/সমমান পরীক্ষা পাশ করেন নাই, তাহাদের বয়স প্রমাণের জন্য ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদ/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনারের সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে।

৭.১০ আবেদন পত্রের সহিত আবেদন পত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।

৮.০ঃ ভবনের আনুষাঙ্গিক তথ্যাদি ও সুযোগ-সুবিধাদি ঃ

৮.১ নির্মিতব্য ভবন ১০টি যথাযথ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী ১৪-তলা বিশিষ্ট RCC Frame Structure এর উপর নির্মিত হইবে Made through ACI & BNBC Code

৮.২ ভূমিকম্প ও ঘর প্রতিরোধক হইবে।

৮.৩ ১৫৪৫বর্গফুট (সিড়ি, লবি ও লিফ্‌টসহ), ১৩৩৮ বর্গফুট (সিড়ি, লবি ও লিফ্‌টসহ) প্রতিটি ফ্ল্যাটের
মেঝে : সকল কক্ষের মেঝে, সিড়ি, লবি ও কমনস্পেসসহ টাইলস যুক্ত।
দেয়াল : ৫" ইটের দেয়াল উভয় পার্শ্বে প্লাষ্টার করত: ভিতর পার্শ্বে Plastic Paint এবং Weather coat
দরজা : প্রবেশ পথের দরজা Chittagong Teak Wood এবং অন্যান্য ক্ষেত্রে উন্নতমানের Vaneered Partex ব্যবহৃত হইবে। তবে কোন পরিবর্তন করা হইলে মূল্য কম/বেশী হইতে পারে।
জানালা : জানালা সমূহ এলুমিনিয়াম স্লাইডিং জানালা এবং টিনটেড গ্লাস দ্বারা নির্মিত হইবে।
বাথরুম : BISF/RAK/FUWANG এর তৈরী উন্নতমানের স্যানিটারী সামগ্রী এবং দেয়ালসমূহ Local Glazed Tiles দ্বারা আবৃত হইবে।
রান্নাঘর : দেয়ালসমূহ Glazed Tiles দ্বারা আবৃত । মেঝে থেকে উচ্চতর কংক্রিট সেলফ Homogeneous Tiles আবৃত, ডাবল বার্ণার গ্যাস চুলার ব্যবস্থা, Exhaust Fan, Stainless steel sink এর ব্যবস্থা থাকিবে।

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

৮.৪ বৈদ্যুতিকঃ স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Conceled conduit electric wiring, Earthing Connection, Conceled Telephone/ Intercom/ TV/ Standby Generator/ Solar/Lift/Emergency Light/Fan Points এর ব্যবস্থা থাকবে এবং যাবতীয় বিদ্যুতের পরিপূর্ণ সুবিধা থাকিবে।

৮.৫ অগ্নি নির্বাপক ব্যবস্থা ঃ প্রতিটি ফ্লোরে অগ্নি নির্বাপনের জন্য Fire Extininguisher এর ব্যবস্থা থাকবে।

৮.৬ উল্লেখিত Specification এর বহির্ভূত কোন কাজের বা সুবিধার নির্দিষ্ট চাহিদা থাকলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে নিজ দায়িত্বে করিতে পারিবেন। তবে শর্ত থাকিবে যে, কোনক্রমেই দালানের মূল নক্সায় কোন পরিবর্তন/পরিবর্ধন করা যাইবে না।

৯.০ ফ্ল্যাট বরাদ্দের নিয়মাবলী

৯.১ আবেদনকারীকে তাহার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন পেশা উল্লেখ করিতে হইবে। কোন আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হইতে (ঝ) গ্রুপে অন্তভূক্ত না হইলে অন্যান্য গ্রুপে (ঞ) গ্রুপে তাহার পেশার বিষয় উল্লেখ করিতে হইবে। কোন কোটায় ফ্ল্যাটের প্রাপ্যতা অপেক্ষা আবেদন না পাওয়া না গেলে অবশিষ্ট ফ্ল্যাটসমূহ কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক অন্য কোটায় সরাসরি সংযোজিত হইবে।

ক্রমিক নং	ক্যাটাগরী	কোটার হার
ক.	সরকারী কর্মকর্তা/কর্মচারী	১৮%
খ.	আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী	০৮%
গ.	মুক্তিযোদ্ধা	০৫%
ঘ.	বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী ইত্যাদি)	০৬%
ঙ.	সংরক্ষিত কোটা :	
	মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়	০৫%
	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	০৩%
চ.	বিদেশে কর্মরত ব্যক্তি	০৫%
ছ.	ব্যবসায়ী	১২%
জ.	বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী	৩০%
ঝ.	অবসরপ্রাপ্ত চাকুরীজীবি	০২%
ঞ.	অন্যান্য	০৬%
	সর্বমোট	১০০%

৯.২ চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার দপ্তরে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের প্রতিনিধির উপস্থিতিতে লটারী কোটাভিত্তিক বরাদ্দ প্রাপক /ফ্ল্যাট নির্ধারণ করা হইবে।

৯.৩ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চুড়ান্ত হিসেবে বিবেচিত হইবে।

৯.৪ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত/শর্তাদি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন এর ক্ষমতা সংরক্ষন করে।

১০.০ চুক্তিপত্র সম্পাদন ঃ

১০.১ দখলপত্রের গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

১১.০ ইজারা দলিল সম্পাদন ঃ

১১.১ ফ্ল্যাটের সমূদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যেগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সহিত ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে।

১১.২ বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা হাউজিং এষ্টেট এর প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবি করিতে পারিবেন না।

(খন্দকার আখতারুজ্জামান)
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

১ কপি ছবি

পরিশিষ্ট-১
৩০০/- টাকার নন্-জুডিসিয়াল ষ্ট্যাম্পে
"হলফ নামার নমুনা"

আমি : ....

পিতা/স্বামী : ....

মাতা...

জন্ম তারিখঃ ....

Download from www.nha.gov.bd

Date: 19/11/2018

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা: ....গ্রাম..............................

ডাকঘর..থানা...

জেলা ....নাগরিকত্ব...

এই মর্মে ঘোষনা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন এবং আরও অঙ্গীকার করছি যে, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিন ও উত্তর উভয়) এলাকার মধ্যে কোথাও আমার নিজ নামে বা স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্যর নামে কিংবা বেনামে ইতোপূর্বে কোন সরকারী বা সস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাই নাই।

আমি আরও অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলীও মেনে চলব।

উপরোক্ত ঘোষনা সত্য ও নির্ভূল।

....
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।
আমি তার পরিচয়দানকারী।

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এ্যাডভোকেট

বিদেশে কর্মরত কর্মকর্তা প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক
বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর

Download from www.nha.gov.bd Date: 19/11/2018

আবেদন পত্রের ক্রমিক নং
☐☐☐☐
অফিস কর্তৃক পূরণীয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সিড়ি, লবি ও লিফটসহ ১৫৪৫ বর্গফুট, ১৩৩৮ বর্গফুট এবং ৮৭৮ বর্গফুট আয়তনের ১৫৬০ টি আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্পে ফ্ল্যাট বরাদ্দের (স্বপ্ননগর আবাসিক প্রকল্প ২য় পর্যায়)

২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি সুদৃঢ়ভাবে |ছা দিয়ে লাগাইতে হইবে

আবেদনপত্র

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে)বাংলায়ঃ..

ইংরেজীতে (ক্যাপিটাল লেটারঃ...

২। পিতা/স্বামীর নাম ঃ.., মাতার নামঃ.................................

৩। আবেদনকারীর জন্ম তারিখ ঃ..,বয়স..
(বয়স প্রমানপত্র সংযুক্ত করিতে হইবে)

৪। বর্তমান ঠিকানা ....

টেলিফোন নম্বর(যদি থাকে) ঃ ....মোবাইল ....

৫। স্থায়ী ঠিকানা ....

৬। ভোটার আইডি নং (যদি থাকে) ....

৭। পেশার বিবরণ ঃ

ক) অফিস/সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের নাম ....
খ) চাকুরীজীবি হইলে (১) পদের নাম ঃ ....(২) বেতন স্কেল...................................

(৩) বর্তমান প্রাপ্ত মূল বেতন ঃ ....(৪) চাকুরীতে যোগদানের তারিখ ....
(৫) মেয়াদকাল ঃ
(গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরন ঃ ....
(ঘ) অন্যান্য উৎস হইতে আয় ঃ ....
(আয়ের স্বপক্ষে প্রমান পত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দখিল করতে হবে)

৮। টি আই এন নম্ব র ....

৯। (ক) প্রসপেক্টাস ও আবেদনপত্রের ফর্ম ক্রয়ের রশিদ নম্বরঃ .... তারিখঃ.................................
(মূল রশিদ সংযুক্ত করিতে হইবে)
(খ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং-...

তারিখঃ ....ব্যাংকের নাম ঃ ....শাখাঃ ....
(গ) মার্কিন ডলার/পাউন্ড স্টালিং এর বিবরণঃ...

১০। আবেদনকৃত ফ্ল্যাটের আয়তন ঃ..
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)
১১। যে পেশা/কোটায় পেতে আগ্রহী..
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১২। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে।

১৩। হলফনামার তারিখ ....,................................

(খ্রিঃ তারিখের পর সম্পাদিত ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে হলফনামা সংযুক্ত করতে হবে)
NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা /বাংলাদেশে দুতাবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা গৃহীত হইবে।

আমি অঙ্গীকার করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভূল এবং সত্য।

১৪। আবেদনকারীর (নিজ নামে) ব্যাংক হিসাব নং...ব্যাংকের নাম...........................
শাখা ....Swift Code (যদি থাকে) ঃ ....Routing No (যদি থাকে)ঃ..........
(জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে)।
আবেদনের তারিখ ঃ আবেদনকারীর স্বাক্ষর
(বিঃদ্রঃ আবেদনপত্র পূরণ করিবার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেকক্টাস মনোযোগ দিয়া পাঠ করিবেন)

Download from www.nha.gov.bd Date: 19/11/2018